

## জয়ন্তের বাড়ীতে জমায়েত

দীপক ভট্টাচার্য

10ই সেপ্টেম্বর জয়ন্ত BEC69 বন্ধুদের ডেকেছিল ওর বাড়ীতে। হৈ হৈ কান্ড রৈ রৈ ব্যাপার।

বিশাল বাড়ী। প্রচুরের থেকে বেশী জায়গা দুটো তলা মিলিয়ে। সর্বোপরি দরাজ দিল জয়ন্ত ও রুবির। Budweiser, Sprite, Coca Cola, Smirnoff – সহযোগে ভাজা মৎস-করশাখা (fish-finger), ভাজা কন্দ-করশাখা (potato-finger) – এইসব ছিল প্রাক-দ্বিপ্রাহরিক পান-ভোজনের জন্য।

দ্বিপ্রাহরিক ভোজনে ছিল – ভাত, ডাল, ভেটকি ফাই, মাছের মাথা দিয়ে ছ্যাচড়া, বাগদা চিংড়ির মালাইকারি, পাঁঠার মাংস। আর আনুসঙ্গিক টক ও মিষ্টি। রুবির জানাশোনা পাচকের দল। অসাধারণ।

ভোজনান্তে আসর। রজতের গীটার, চন্দ্রনাথের সলিল চৌধুরি-বিষয়ক রস-কথিকা, জয়ন্তের কবিতা, দুই অর্ধাঙ্গিনীর গান, সমবেত গান, সর্বোপরি অশোকের গান। এর মাঝে আগামী অনুষ্ঠানের জন্য শ্রুতি নাটকের একটা মহড়াও হয়ে গিয়েছিল এক ফাঁকে একতলার খাওয়ার টেবিলে বসে।

আসরান্তে বাড়ী ফেরা।

পাঁঠার মাংসের ঝোলের গন্ধ হাতের আঙ্গুলে কয়েকদিন লেগে থাকবে। কিন্তু জয়ন্ত-রুবির বন্ধু-প্রীতি আর আতিথেয়তার রেশ মনে থাকবে অনেক অনেক দিন।

বেশ কয়েক বছর আগে জয়ন্তের বাড়ীতে যখন নিমন্ত্রণে যোগ দিয়েছিলাম, সেটা ছিল শুধু Metallurgy-র বন্ধুদের জন্য। সেই বন্ধুদের মধ্যে যারা বেঁচে নেই, তারা হোলো পারেখ, বিদ্যুৎ, প্রদীপ। শুধু Metallurgy-র বন্ধুদের নিমন্ত্রণ করার জন্য, যে বন্ধু (Mechanical) সেইসময় "উন্মাদ" প্রকাশ করেছিল, সেই গৌতমও আর নেই। তবে ওর বৌ ইন্দিরা আজ এসেছিল।

